দৈনিক ইত্তেফাক

তারিখ 21 JUN 1987
পৃষ্ঠা 3 কলাম 1

৬ই আষাঢ় ১৩৯৪ বাং

# সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে বেতনের হার

১৯৬৪ সন হইতে সরকারী স্কুলের, ১৯৬৬ হইতে সরকারী কলেজের ও ১৯৭১ হইতে সরকারী মাদ্রাসার বিদ্যমান বেতন-হার এবং বেসরকারী শিক্ষা-প্রতিষ্ঠানের (শতকরা ৯০ ভাগ ক্ষেত্রে প্রযোজ্য) বর্তমানে প্রচলিত মাসিক ছাত্র বেতনহার যথাক্রমে নিম্নরূপ ঃ

১ম ও ২য় শ্রেণী ঃ ২টাকা—১০ টাকা হইতে ১০০ টাকা ; ৩য়, ৪র্থ ও ৫ম ঃ ৩ টাকা—১৫ টাকা হইতে ১০০ টাকা ; ৬ষ্ঠ ঃ ৪ টাকা—১৮ টাকা হইতে ১০০ টাকা ; ৭ম ও ৮ম ঃ ৫ টাকা—১৮ টাকা হইতে ১০০

(৫র্থ পৃঃ দ্রঃ)

## শিক্ষা প্রতিষ্ঠানে বেতনের হার

(৩য় পৃঃ পর)

টাকা ; ৯ম ও ১০ম ঃ ৬ টাকা—২০ টাকা হইতে ১০০ টাকা ; এইচএসসি (কলা ও বাণিজ্য) ঃ ৮ টাকা—২০ টাকা হইতে ১০০ টাকা ; এইচ এস সি (বিজ্ঞান) ঃ ৯ টাকা—২২ টাকা হইতে ১২৫ টাকা ; বিএ, বিকম ঃ ৯ টাকা—২৫ টাকা হইতে ৯০ টাকা ; বিএসসি ঃ ১০ টাকা—৩০ টাকা হইতে ৯০ টাকা ; বিএ, বিকম (অনার্স) ১০ টাকা ; বিএসসি (অনার্স) ঃ ১২ টাকা এবং এমএ, এমএসসি ও এম কম ঃ ১২ টাকা—এই শ্রেণীগুলি বেসরকারী কলেজে নাই।

মাদ্রাসা। দাখিল ঃ ৩১ পয়সা। আলেম ও ফাজেল ঃ ৬২ পয়সা, কামেল ঃ ১ টাকা ২৫ পয়সা-৪ টাকা হইতে ২০ টাকা।

কমার্সিয়াল ও পলিটেকনিক ইনষ্টিটিউট ঃ ৫ টাকা এবং ভোকেশনাল ট্রেনিং ইনষ্টিটিউট ঃ ৩ টাকা।

মাসিক ছাত্র বেতন ছাড়াও অধিকাংশ বেসরকারী স্কুলে বছরের প্রথম মাসে বিভিন্ন খাতে একশত টাকা হইতে এক হাজার টাকা পর্যন্ত আদায় করা হয়। সরকারী স্কুলে বছরের প্রথমে বিভিন্ন খাতে ১০ টাকা হইতে ৫০ টাকার বেশী আদায় করা হয় না। অনুরূপভাবে শিক্ষাবর্ষের শুরুতে বেসরকারী কলেজে বিভিন্ন খাতে একশত হইতে এক হাজার টাকা পর্যন্ত আদায় করা হয়। কিন্তু সরকারী কলেজে ইহার পরিমাণ একশত টাকার বেশি নয়। তথ্য বিবরণী।